সরকারকে সহযোগিতা না করে লংমার্চের নামে লংড্রাইভ করছে জামায়াত

গ্যাস-বিদ্যুতের সংকট এখন জাতীয় সংকট, এই সংকট সমাধানে সরকার ও বিরোধী দলকে একসঙ্গে কাজ করা দরকার। কিন্তু জামায়াত এই সংকট সমাধানে সরকারকে সহযোগিতা না করে লংমার্চের নামে লংড্রাইভ করছে বলে উল্লেখ করেছেন প্রধানমন্ত্রীর রাজনৈতিক সহকারী রাশেদ খাঁন। এই জামায়াত ৯৬ এর বিএনপির বিরুদ্ধে আওয়ামী লীগকে সঙ্গে নিয়ে আন্দোলন করেছিল। জ্বালানি সংকটকে পুঁজি করে জামায়াত এখন আওয়ামী লীগকে বিক্ষোভ করার সাহস যোগাচ্ছে।

রবিবার (১৩ সেপ্টেম্বর) সকালে ঝিনাইদহ সদর উপজেলার তেতুলতলা মায়াধরপুর মাধ্যমিক বিদ্যালয়ে শিক্ষার্থী ও অভিভাবকদের সঙ্গে মতবিনিময় সভা শেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এসব কথা বলেন।

এসময় তিনি জামায়াত আমীরকে উদ্দেশ্য করে বলেন, আপনারা লংমার্চের নামে লংড্রাইভ বন্ধ করুন।

অনুষ্ঠানের প্রধান অতিথি রাশেদ খান আওয়ামী লীগের মিছিল প্রসঙ্গে বলেন, আওয়ামী লীগ আর ফিরবে না। শেখ হাসিনা মারা গেলে তার লাশও দেশে ফিরিয়ে আনার মতো শেখ পরিবারের কেউ নেই। আওয়ামী লীগের নেতারা কেউ দেশেই আসতে পারবে না। আওয়ামী লীগ এখন পঁচে গলে ধ্বংস হয়ে গেছে। দেশের জনগণ তাদের আর গ্রহণ করবে না।

জামায়াতের সংসদ সদস্য শফিকুল ইসলাম মাসুদের সাম্প্রতিক বক্তব্যের সমালোচনা করে রাশেদ খান বলেন, তিনি তো রাজশাহী বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী ছিলেন। তিনি বক্তৃতায় বলেছেন, তিনি অনেক বড় হ্যাডমওয়ালা, তার হ্যাডম নাকি শেখ হাসিনা জানতেন।

আমার ইচ্ছে, আমি শেখ হাসিনাকে যদি পেতাম, তাহলে শফিকুল ইসলাম মাসুদের হ্যাডম বা শক্তি কতটুকু তা জানতে চাইতাম। গুপ্ত বট বাহিনী দিয়ে শফিকুল ইসলাম মাসুদ সহ জামায়াতের নেতারা বিপক্ষ রাজনৈতিক দলের নেতাকর্মীদের চরিত্র হনন করছে। তারা সেনাবাহিনী মানে না, তারা কোনো বাহিনী মানে না। কারণ তাদের কাছে তাদের বট

বাহিনীই সবকিছু।

সার সংকট ও কৃষকের ভোগান্তি প্রসঙ্গে রাশেদ খান বলেন, দেশে কোনো সার সংকট নেই। ডিলাররা কৃত্রিম ভাবে সার মজুদ করে সংকট দেখানোর অপচেষ্টা চালাচ্ছে। ফ্যাসিস্ট আওয়ামী লীগের ১৭ বছরে সারের ডিলার হিসেবে কারা নিয়োগ পেয়েছে তা সবাই জানে। সরকার সেই সব ফ্যাসিস্ট সুবিধাভোগী সার ডিলারদের বিরুদ্ধে ব্যবস্থা নেবে। সার ব্যবসার পুরো সিস্টেম নতুন করে সাজানোর উদ্যোগ নিয়েছে সরকার। এসময় তিনি কৃষকদের ধৈর্য্য ধারণ করার আহ্বান জানান।

এর আগে বেলা ১০টায় সদর উপজেলার তেতুলতলা মায়াধরপুর মাধ্যমিক বিদ্যালয়ে শিক্ষার্থী ও অভিভাবকদের সঙ্গে মতবিনিময় সভায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন রাশেদ খান।

এসময় জেলা বিএনপির সহ সভাপতি ও বিদ্যালয়ের পরিচালনা কমিটির সভাপতি মুন্সি কামাল আজাদ পান্নু, সদর উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক আলমগীর হোসেন আলম, জেলা ছাত্রদলের সভাপতি ইমরান হোসেন, বিদ্যালয়ের প্রধান শিক্ষক মহিউদ্দীনসহ শিক্ষক, শিক্ষার্থী ও অভিভাবকরা সভায় অংশ নেন।

কুষ্টিয়া জেলা শিল্পকলা একাডেমিতে মঞ্চস্থ হলো কোলকাতার বিখ্যাত নাটক “লংমার্চ”

কুষ্টিয়া জেলা শিল্পকলা একাডেমি মিলনায়তনে ভারতের সাড়া জাগানো নাটক “লংমার্চ” মঞ্চায়িত হয়েছে।

শনিবার সন্ধ্যা ৭টায় জেলা শিল্পকলা একাডেমি মিলনায়তনে এ নাটক মঞ্চস্থ করা হয়। নাটকটি পরিবেশন করেন কোলকাতার বিখ্যাত নাট্যদল অল্টারনেটিভ লিভিং থিয়েটার। নাটকের দর্শনী কোন মূল্য রাখা না

হওয়ায় বিপুল পরিমাণ দর্শক এ নাটকটি উপভোগ করে।

নাটক শেষে সংক্ষিপ্ত আলোচনায় অংশ নেন কোলকাতার বিখ্যাত নাট্যদল অল্টারনেটিভ লিভিং থিয়েটার এর প্রধান ভারতের রাষ্ট্রপতি পুরুস্কার প্রাপ্ত নাট্যজন প্রবীর গুহ, নাগরিক কমিটি কুষ্টিয়ার সভাপতি ডা: এসএম মোস্তানজীদ, জেলা আওয়ামীলীগ নেতা হাবিবুল হক পুলক, খন্দকার ইকবাল মাহমুদ, কুষ্টিয়া জেলা শিল্পকলা একাডেমির সাধারণ সম্পাদক আমিরুল ইসলাম, সহ-সভাপতি আশরাফ উদ্দিন নজু, যুগ্ম সাধারণ সম্পাদক শাহীন সরকার, শহীদুল ইসলাম রবি, কালচারাল অফিসার সুজন রহমান প্রমুখ।

নাগরিক কমিটি কুষ্টিয়ার সভাপতি ডা: এসএম মোস্তানজীদ বলেন, আজকে আমার অপারেশন থিয়েটারে থাকার কথা ছিলো। এজন্য এনেস্থিসিয়া, সহকারী সহ সবকিছু প্রস্তুত ছিলো। কিন্তু কোলকাতা থেকে গুনী এসব নাট্যজনদের সম্মিলিত এই লংমার্চ নাটকটি দেখতেই আজকে এই থিয়েটারে চলে আসা। ছোটবেলা থেকেই আমার নাটক এবং সাংস্কৃতিক অনুষ্ঠান ভালো লাগে। সেই ভালো লাগা এখনো আছে বলেই কুষ্টিয়ার নাট্যঙ্গান থেকে পিছুটান নেই।

কোলকাতার বিখ্যাত নাট্যদল অল্টারনেটিভ লিভিং থিয়েটার এর কর্ণধার প্রবীর গুহ বলেন, বর্তমান যুব সমাজের প্রতি তিনি বার্তা দিয়ে বলেন, ‘‘সৎ হও৷ নিজের জীবনযাপন সহজ সরল কর৷ নিজেকে চেনো৷ তিনি বলেন, আমি কোনও প্রোডাক্টের কথা বলি না, একটা পদ্ধতির কথা বলি৷ তিন-চারদিন ধরে ওয়ার্কশপে আমি ছেলেমেয়েদের জীবনটাকে একটা পদ্ধতির মধ্যে দিয়ে নিয়ে যেতে বলব৷’’ তিমি মনে করেন, ‘‘কেউ যদি প্রতিষ্ঠিত হওয়ার জন্য কাজ করে, তাহলে সম্ভবত হয় না৷ কাজটা করার জন্য করে যাওয়া উচিত, প্রতিষ্ঠা আসার হলে এমনিই আসবে৷’’

কুষ্টিয়া জেলা শিল্পকলা একাডেমির সাধারণ সম্পাদক আমিরুল ইসলাম জানান, “লংমার্চ” নাটকটি কোলকাতা সহ সমস্ত ভারতে বর্তমান সময়ে জনপ্রিয়তার শীর্ষে। নাটকটি কুষ্টিয়া জেলা শিল্পকলা একাডেমি মিলনায়তনে মঞ্চায়ন হলো কেবল কুষ্টিয়ার নাটকপ্রিয় ও সাংস্কৃতিক প্রেমি মানুষের জন্য। দর্শকদের অনুপ্রেরণা পেলে আগামীতে আর ভালো ভাগ অনুষ্ঠানের আয়োজন করা হবে।

শিল্প কলা একাডেমি মিলনায়তনে নাটক দেখতে আসা দর্শক ডা: মাহিন্দ্র সিং জানান, কুষ্টিয়া জেলা শিল্পকলা একাডেমিতে সুন্দর ও মনোরম পরিবেশে দর্শনের বিনিময়ে নাটকটি দেখতে পেয়ে খুবই ভালো লাগলো।

□□□ □□□□□□□□ □□□□□ □□□ □□□ □□□ □□□